যায়যায়দিন

তারিখ 29 JAN 2008
পৃষ্ঠা ১ কলাম ৮

Report

গুড নিউজ

যশোরে কোটি টাকার শিক্ষা তহবিল

ফখরে আলম যশোর

যশোরের প্রফেসর শরীফ হোসেন শিক্ষা বৃত্তি তহবিলে কোটি টাকা জমা পড়েছে। জাগরণী চক্র ফাউন্ডেশনের কর্মীরা বেতনের এক শতাংশ টাকা দিয়ে ওই

পৃ ২ ›› ক ৪

যশোরে কোটি টাকার শিক্ষা

(প্রথম পৃষ্ঠার পর)

তহবিল গঠন করেছেন। কোটি টাকা ব্যাংকে ফিক্সড ডিপোজিট রেখে তার লভ্যাংশ দিয়ে গরিব মেধাবী শিক্ষার্থীদের উচ্চ শিক্ষার যাবতীয় ব্যয়ভার বহন করা হবে।

জানা যায়, ২০০১ সালে শিক্ষাবিদ ও সমাজ সেবক প্রফেসর শরীফ হোসেন জাগরণী চক্রের কর্মকর্তা-কর্মচারীদের উদ্দেশে তিন ঘণ্টার বক্তব্য রাখেন। তিনি গরিব মেধাবী ছাত্রছাত্রীদের শিক্ষার আলোয় আলোকিত করার আহ্বান জানান। তার ওই আহ্বানে তাৎক্ষণিকভাবে সে সময় জাগরণী চক্রে কর্মরত ১২০ কর্মী এগিয়ে আসেন। তাদের বেতনের এক শতাংশ টাকা শিক্ষা তহবিলে জমা দেয়ার অঙ্গীকার করেন। এভাবেই ২০০৬ সাল পর্যন্ত জমা হয় ৩০ লাখ টাকা। ২০০৭ সালের ফেব্রুয়ারিতে শরীফ হোসেন মারা যান।

জাগরণী চক্র ফাউন্ডেশন তারই স্মরণে তহবিলের নামকরণ করে শরীফ হোসেন শিক্ষা বৃত্তি তহবিল। বর্তমানে প্রতিষ্ঠানটির কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা ৩ হাজার ৫০০। তারাই বেতনের টাকা জমিয়ে ১ কোটি ৭ হাজার টাকার শিক্ষা তহবিল গঠন করেছেন। সংগঠনের নির্বাহী পরিচালক এ কে আরজু এ প্রসঙ্গে বলেন, আমরা নীতিমালা চূড়ান্ত করেছি। এ ব্যাপারে পত্রিকায় বিজ্ঞাপন দেয়া হবে। গরিব মেধাবীদের এ তহবিল থেকে আমরা শিক্ষার সব ব্যয়ভার বহন করবো।